27

দৈনিক ইত্তেফাক

তারিখ ... SEP 02 1999
পৃষ্ঠা ২ কলাম ৬

# স্কুল-কলেজ ৯টা-৫টা খোলা রাখার নির্দেশ কেহই মানিতেছে না

রেজানুর রহমান ॥ সারাদেশে সকাল ৯টা হইতে বিকাল ৫টা পর্যন্ত স্কুল-কলেজ খোলা রাখিতে হইবে– সম্প্রতি এই নিয়ম জারি করা হইয়াছে। কিন্তু এই নিয়ম মানা হইতেছে কিনা তাহা দেখার কেহ নাই।

(২য় পৃষ্ঠায় ২-এর কঃ দ্রঃ)

## স্কুল-কলেজ ৯টা-৫টা

(প্রথম পৃষ্ঠার পর)

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর হইতে নির্দেশ আকারে নূতন নিয়ম ঘোষণা করা হইলেও দেশের অধিকাংশ শিক্ষা প্রতিষ্ঠান নিজ নিজ সিদ্ধান্ত অনুযায়ী শিক্ষা কার্যক্রম পরিচালনা করিতেছে।

শিক্ষা অধিদপ্তর হইতে সার্কুলার আকারে এই নির্দেশাবলীতে বলা হইয়াছে, এখন হইতে স্কুল-কলেজের রুটিন সকাল ৯টা হইতে বিকাল ৫টা পর্যন্ত তৈরী করিয়া উহার কপি অধিদপ্তরের সংশ্লিষ্ট শাখায় প্রেরণ করিতে হইবে। কোন পাবলিক পরীক্ষার তারিখ পরিবর্তন হইবে না। প্রত্যেক শিক্ষকের প্রতিদিন কলেজে উপস্থিতি নিশ্চিত করিতে হইবে। ছুটি অথবা পূর্বানুমতি ব্যতিরেকে কোন শিক্ষক-কর্মচারী কর্মস্থল ত্যাগ করিতে পারিবেন না। বাৎসরিক পাঠ-পরিকল্পনা প্রণয়ন করিয়া অধিদপ্তরে পাঠাইতে হইবে। প্রতি বৎসর ভর্তি শেষ হওয়ার পর স্কুল-কলেজের শ্রেণীভিত্তিক ছাত্র-ছাত্রীর সংখ্যা সম্বলিত তালিকা অধিদপ্তরে প্রেরণ করিতে হইবে।

খোঁজ নিয়া দেখা গিয়াছে, শিক্ষা অধিদপ্তরের এই নির্দেশাবলী অধিকাংশ ক্ষেত্রে মানা হইতেছে না। সকাল ৯টায় স্কুল চালু করার সিদ্ধান্ত ঘোষণা করা হইলেও গ্রাম এলাকায় অধিকাংশ শিক্ষা প্রতিষ্ঠানে ইহা মানা সম্ভব হইতেছে না। তবে এই ব্যাপারে অধিদপ্তরের কোন উদ্বেগ-উৎকণ্ঠা অথবা ক্রিয়া-প্রতিক্রিয়া নাই।

শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শিক্ষা অধিদপ্তরের এই নির্দেশ পুরাপুরি মানা না হইলেও নির্দেশটি ব্যাপক আলোচনা-সমালোচনার বিষয় হইয়া দাঁড়াইয়াছে। কেউ কেউ বলিতেছেন, সকাল ৯টায় স্কুল শুরু করিয়া বিকাল ৫টা পর্যন্ত স্কুল খোলা রাখিলে ছাত্র-ছাত্রীরা দারুণ ভোগান্তির শিকার হইবে। যানজট ও অন্যান্য সমস্যা এড়াইয়া শহর এলাকায় এই নিয়ম মানা সম্ভব হইলেও গ্রাম এলাকায় কখনই সম্ভব নয়। গ্রামের অধিকাংশ শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র-ছাত্রীরা মাইলের পর মাইল পায়ে হাঁটিয়া স্কুল-কলেজে যাতায়াত করে। সকাল ৯টায় স্কুল শুরু হইলে অনেক ছাত্র-ছাত্রীকে কমপক্ষে ২ ঘন্টা পূর্বে অর্থাৎ সকাল ৭টায় বাড়ি হইতে বাহির হইতে হইবে। আবার বিকাল ৫টায় স্কুল ছুটি হইলে সন্ধ্যা ৭টায় বাড়ী ফিরিতে হইবে। গ্রামে একজন ছাত্র অথবা ছাত্রীর প্রতিদিন এই নিয়ম মানা কতটা সম্ভব উহা ভাবিয়া দেখার জন্য শিক্ষকদের অনেকেই সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি কামনা করিয়াছেন।

গতকাল প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সহিত শিক্ষক সমিতি ফেডারেশনের নেতৃবৃন্দ এক বৈঠকে মিলিত হইলে স্কুল-কলেজের নূতন সময়সূচী নিয়া আলোচনা করা হয়। শিক্ষক নেতৃবৃন্দ সময় বাস্তবতার নিরিখে সকাল ১০টা হইতে বিকাল ৪টা পর্যন্ত স্কুল-কলেজ খোলা রাখার পক্ষে মতামত ব্যক্ত করিয়াছেন।